গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
(রাজস্ব শাখা)
শেরপুর
www.sherpur.gov.bd

## জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটির বিশেষ সভার কার্যবিবরণী:

সভাপতি : সাহেলা আক্তার
জেলা প্রশাসক, শেরপুর।
সভার স্থান : জেলা প্রশাসক মহোদয়ের সম্মেলন কক্ষ।
তারিখ : ০৩/০৭/২০২৩।
সময় : দুপুর ১২:০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতেই অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), শেরপুর কর্তৃক বিগত ১৫/০৬/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। বিগত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সভায় দৃঢ়িকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচি মোতাবেক নিম্নরূপ আলোচনা করা হয়।

আলোচনা-০১ বালুমহালের ইজারা: রেভিনিউ ডেপুটি কালেক্টর, শেরপুর সভায় অবহিত করেন যে, শেরপুর জেলায় ইজারাযোগ্য ০৯ টি বালুমহালের মধ্যে ০৬টি বালুমহাল ইত:পূর্বে ইজারা কার্যক্রম সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ০৩ টি বালুমহালের ইজারার বিষয়ে জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটির সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। তাওয়াকোচা বালুমহাল:

| ক্র. ন. | আবেদনকারীর নাম ঠিকানা | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | গত বৎসরের ইজারার মূল্য | সরকারি সম্ভাব্য মূল্য | দাখিলকৃত দর | জামানতের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| ১ | মো: আসাদুজ্জামান (স্বপন) পিতা-শওকত আলম বাগরাকসা, শেরপুর টাউন শেরপুর। | মেসার্স সউদ বিল্ডার্স প্রো: মো: আসাদুজ্জামান (স্বপন), বাগরাকসা, শেরপুর টাউন, শেরপুর। | ৫১,০০,০০০/- | ৮৩,০৯,৪০০/- | ৩২,৮০,০০০/- | ৮,২০,০০০/- |
| ২ | আক্তার হোসেন পিতা-মৃত হাফেজ উদ্দিন মের্সাস শামীম বস্ত্রালয় শ্রীবরদী উত্তর বাজার, শেরপুর | মের্সাস শামীম বস্ত্রালয় শ্রীবরদী উত্তর বাজার, শেরপুর | ৫১,০০,০০০/- | ৮৩,০৯,৪০০/- | ৪৮,৪০,০০০/ | ১২,১০,০০০/- |

আলোচনা: উল্লিখিত বালুমহালের জন্য উপরোক্ত ০২টি দরপত্র পাওয়া যায়। উল্লিখিত ০২টি দরপত্রের মধ্যে ক্রমিক নং ০২ এ বর্ণিত জনাব আক্তার হোসেন, পিতা-মৃত হাফেজ উদ্দিন, প্রো: মের্সাস শামীম বস্ত্রালয়, শ্রীবরদী উত্তর বাজার, শেরপুর এর দাখিলকৃত দর ৪৮,৪০,০০০/- (আটচল্লিশ লক্ষ চল্লিশ হাজার টাকা) যা সর্বোচ্চ। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জানান যে, উক্ত বালুমহালের উপর মহামান্য সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৪২২০/২০২৩ মূলে স্থিতাবস্থা বলবৎ রয়েছে। ইতোমধ্যে বছরের প্রায় ৩(তিন) মাস অতিবাহিত হয়েছে। ১ম দরপত্র দাতার দর ১৪২৯ সালে ইজারা মূল্যের কাছাকাছি। উক্ত বালুমহালের ১ম -৭ম পর্যায় পর্যন্ত কোন দরপত্র দাখিল হয়নি। ৮ম পর্যায়ে ২টি দরপত্র পাওয়া যায়। উল্লেখ্য যে, বাংলা ১৪২৯ সালে বালুমহালটির সরকারি কাঙ্ক্ষিত মূল্য ১,১০,০৮,৮০০/- টাকা হলেও মামলা থাকায় যৌক্তিক কারণে বালুমহালটি ৫১,০০,০০০/- টাকায় ইজারা দেওয়া হয়েছিল। চলতি বছর তথা ১৪৩০ সালে বালুমহালটির সরকারি কাঙ্ক্ষিত মূল্য ৮৩,০৯,৪০০/- টাকা। পর্যালোচনায় আরও দেখা যায়, সরকারি কাঙ্ক্ষিত মূল্য বিবেচনায় শতকরা হিসাবে বিগত বছরের চেয়ে চলতি বছরের সর্বোচ্চ ডাক আনুপাতিক হারে বেশী। এছাড়া ইজারা বছরের প্রায় ০৩(তিন) মাস সময় অতিবাহিত হয়েছে এবং বালুমহালটির উপর বিজ্ঞ আদালতের স্থিতাবস্থায় বলবৎ আছে। বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা ২০১১ এর ১০ (৯) নং অনুচ্ছেদে বর্ণিত আছে যে," পরপর দুটি ইজারা ডাকে সরকার নির্ধারিত ইজারা মূল্য পাওয়া না গেলে নির্ধারিত ৩য় ডাকে সর্বোচ্চ ডাকগ্রহীতাকে কমিটির বিশেষ বিবেচনায় ইজারা প্রদানের বিষয়টি বিবেচনা করিতে পারিবে"। সেপ্রেক্ষিতে আলোচ্য বালুমহালের ক্ষেত্রে উক্ত বিধিমালার সংশ্লিষ্ট অনুচ্ছেদে বর্ণিত বিধি অনুযায়ী ইজারা প্রদানের জন্য নিম্নরূপ বিষয়সমূহ বিবেচনা করা হয়-

১। ইতোমধ্যে ইজারা বছরের প্রায় ৩মাস অতিবাহিত হয়েছে।
২। মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৪২২০/২০১৩ আদেশ মূলে স্থগিতাদেশ চলমান।
৩। সরকারি কাঙ্ক্ষিত মূল্য বিবেচনায় শতকরা হিসাবে বিগত বছরের চেয়ে চলতি বছরের সর্বোচ্চ ডাক আনুপাতিক হারে বেশী।

সিদ্ধান্ত: উপর্যুক্ত বিষয়গুলো বিবেচনায় এনে এবং মহামান্য হাইকোর্ট এর স্থিতাবস্থার আদেশ রদ/রহিত সাপেক্ষে জনাব আক্তার হোসেন, পিতা-মৃত হাফেজ উদ্দিন, প্রো: মের্সাস শামীম বস্ত্রালয়, শ্রীবরদী উত্তর বাজার, শেরপুরকে সর্বোচ্চ দাখিলকৃত দরে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা ২০১১ এর ১০ (৯) নং অনুচ্ছেদ অনুযায়ী বিশেষ বিবেচনায় ইজারা প্রদানের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত সিদ্ধান্ত মহামান্য হাইকোর্ট কর্তৃক স্থগিত আদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থার আদেশ প্রত্যাহারের পর তা কার্যকর হবে এবং মহামান্য হাইকোর্ট এর স্থিতাবস্থা বহাল থাকা অবস্থায় তাওয়াকোচা বালুমহালের সকল কার্যক্রম মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী স্থগিত থাকবে।

০২। ভোগাই নদী বালুমহাল:

| পর্যায় নং | আবেদনকারীর নাম ঠিকানা | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | গত বৎসরের ইজারার মূল্য | সরকারি সম্ভাব্য মূল্য | দাখিলকৃত দর | জামানতের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| ৬ষ্ঠ | শহিদুল ইসলাম পিতা- আবুল কাশেম বেপারী মের্সাস আল আমিন ট্রেডার্স গড়কান্দা ,নালিতাবাড়ী, শেরপুর | মের্সাস আল আমিন ট্রেডার্স গড়কান্দা ,নালিতাবাড়ী, শেরপুর | ১,১৭,৭১,০০০/- | ১,১৩,১৯,৩৬৭/- | ২০,০০,০০০/- | ৫,০০,০০০/- |
| ৮ম | আব্দুল কাদির জিলানী পিতা- মরহুম সমেজ উদ্দিন গ্রাম- উত্তর গড়কান্দা নালিতাবাড়ী, শেরপুর | মেসার্স জিলানী এন্টারপ্রাইজ প্রো: আব্দুল কাদির জিলানী | ১,১৭,৭১,০০০/- | ১,১৩,১৯,৩৬৭/- | ২৫,০০,০০০/- | ৬,২৫,০০০/- |

চলমান পাতা-২

আলোচনা: -উল্লিখিত বালুমহালের উপর ৬ষ্ঠ পর্যায়ে ০১টি দরপত্র পাওয়া যায়। দাখিলকৃত দরের পরিমাণ ২০,০০,০০০/-(বিশ লক্ষ) টাকা এবং ৭ম পর্যায়ে কোন দরপত্র দাখিল হয়নি। ৮ম পর্যায়ে ০১টি দরপত্র পাওয়া যায়। দাখিলকৃত দরের পরিমাণ ২৫,০০,০০০/-(পচিশ লক্ষ) টাকা। উভয় পর্যায়ে দাখিলকৃত দর সরকারি কাঙ্খিত মূল্যের চেয়ে অনেক কম। উল্লেখ্য যে, উক্ত বালুমহালটি ১ম পর্যায়ে ১,৬০,০০,০০/- (এক কোটি ষাট লক্ষ) টাকা ইজারা ডাক হয়েছিল কিন্তু সর্বোচ্চ ডাককারী নির্ধারিত সময়ের মধ্যে সাকুল্য ইজারাকৃত অর্থ জমা দিতে ব্যর্থ হওয়ায় বিধি অনুযায়ী তার কর্তৃক জমাকৃত জামানত বাবদ প্রদত্ত ৪০,০০,০০০/-(চল্লিশ লক্ষ) টাকা বাজেয়াপ্ত পূর্বক সরকারি কোষাগারে জমা করা হয়। উল্লিখিত বালুমহালটির বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়-

সিদ্ধান্ত : ০১। ভোগাই নদী বালুমহাল এর জন্য ৬ষ্ঠ এবং ৮ম পর্যায়ে দাখিলকৃত দর সরকারি কাঙ্খিত মূল্যের চেয়ে অনেক কম এবং এ মুল্যে ইজারা প্রদান করা হলে সরকারি রাজস্ব ক্ষতি হবে বলে জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটির সকল সদস্য একমত পোষণ করেন। সেপ্রেক্ষিতে ৮ম পর্যায়ে দাখিলকৃত দরের পরিমাণ ২৫,০০,০০০/-(পচিশ লক্ষ) টাকা কাঙ্খিত সরকারি মূল্যের চেয়ে অনেক কম হওয়ায় এবং রাজস্ব ক্ষতির আশংকা থাকায় আবেদনকারী জনাব আব্দুল কাদির জিলানী, পিতা- মরহুম সমেজ উদ্দিন, গ্রাম- উত্তর গড়কান্দা, নালিতাবাড়ী, শেরপুর এর বরাবর ইজারা প্রদান না করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। ভোগাই নদী বালুমহালের এর জন্য ৬ষ্ঠ পর্যায় থেকে ৮ম পর্যায় পর্যন্ত দাখিলকৃত দর কাঙ্খিত সরকারি মূল্যের চেয়ে অনেক কম হওয়ায় ইজারা প্রদান করা যায় নি। সেহেতু সরকারি রাজস্ব আদায়ে সর্বোচ্চ প্রচেষ্টার অংশ হিসেবে এ কার্যালয়ের ০২ এপ্রিল ২০২৩ খ্রিঃ তারিখের ৩১.৪৫.৮৯০০.০১০.১৮.০১৫.২১.০৩.২৯২ নং স্মারক মুলে জারীকৃত ইজারা দরপত্র বিজ্ঞপ্তি (১ম-৫ম) ও ২৩ মে ২০২৩ খ্রি: তারিখের স্মারক নং ৩১.৪৫.৮৯০০.০১০.১৮.০১৫.২১. ০৩.৪২৮ মুলে জারীকৃত বালুমহাল পুন:দরপত্র (৬ষ্ঠ-৮ম)বিজ্ঞপ্তির ধারাবাহিকতায় ৯ম থেকে ১১তম পর্যায় পর্যন্ত উল্লিখিত বালুমহালটির ইজারা গ্রহণের জন্য আবেদনের সময়সীমা পরবর্তী তিনটি পর্যায়ে তথা আগামী ১১ জুলাই, ১৮ জুলাই ও ২৭ জুলাই ২০২৩ পর্যন্ত বর্ধিত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো এবং এ বিষয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করে বহুল প্রচারের জন্য জেলা প্রশাসন ওয়েবসাইট , নোটিশ বোর্ড, সকল উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) অফিসের নোটিশ বোর্ডসহ সংশ্লিষ্ট সকল দপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। বালুমহাল ইজারার আবেদনের জন্য প্রযোজ্য শর্তাবলী পূর্ববৎ বহাল থাকবে।

০৩। বনগাঁও ও বাদে চল্লিশ কাহনিয়া বালুমহাল:

| ক্র. ন. | আবেদনকারীর নাম ঠিকানা | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | গত বৎসরের ইজারার মূল্য | সরকারি সম্ভাব্য মূল্য | দাখিলকৃত দর | জামানতের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| ১ | -- | -- | ৩,৫৪,০০০/- | ৩,৭১,৮০০/- | -- | -- |

আলোচনা: উল্লিখিত বালুমহালের জন্য ১ম থেকে ৮ম পর্যায় পর্যন্ত কোন দরপত্র দাখিল হয়নি। উক্ত বালুমহালটির জন্য কোন দরপত্র দাখিল না হওয়ায় নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হলো।

সিদান্তসমূহ:

বনগাঁও ও বাদে চল্লিশ কাহনিয়া বালুমহালের এর জন্য ১ম পর্যায় থেকে ৮ম পর্যায় পর্যন্ত কোন দরপত্র দাখিল না হওয়ায় সরকারি রাজস্ব আদায়ে সর্বোচ্চ প্রচেষ্টার অংশ হিসেবে এ কার্যালয়ের ০২ এপ্রিল ২০২৩ খ্রিঃ তারিখের ৩১.৪৫.৮৯০০.০১০.১৮.০১৫.২১.০৩.২৯২ নং স্মারক মুলে জারীকৃত ইজারা দরপত্র বিজ্ঞপ্তি (১ম-৫ম) ও ২৩মে ২০২৩ খ্রি: তারিখের স্মারক নং ৩১.৪৫.৮৯০০.০১০.১৮.০১৫.২১.০৩.৪২৮ মুলে জারীকৃত বালুমহাল পুন:দরপত্র (৬ষ্ঠ-৮ম)বিজ্ঞপ্তির ধারাবাহিকতায় ৯ম থেকে ১১তম পর্যায় পর্যন্ত উল্লিখিত বালুমহালটির ইজারা গ্রহণের জন্য আবেদনের সময়সীমা পরবর্তী তিনটি পর্যায়ে তথা আগামী ১১ জুলাই, ১৮ জুলাই ও ২৭ জুলাই ২০২৩ পর্যন্ত বর্ধিত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো এবং এ বিষয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করে বহুল প্রচারের জন্য জেলা প্রশাসন ওয়েবসাইট , নোটিশ বোর্ড, সকল উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) অফিসের নোটিশ বোর্ডসহ সংশ্লিষ্ট সকল দপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। বালুমহাল ইজারার আবেদনের জন্য প্রযোজ্য শর্তাবলী পূর্ববৎ বহাল থাকবে।

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সাহেলা আক্তার
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি
শেরপুর
ফোন:০২৯৯৭৭৮১৯০০
E-mail:dcsherpur@mopa.gov.bd

স্মারক নং-৩১.৪৫.৮৯০০.০১০.১৬.০৭৩.১৭(অংশ-১) - ৫৬২

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩০ / ০৩ জুলাই ২০২৩

অনুলিপি:সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে/কার্যার্থে-

০১। মাননীয় সংসদ উপনেতা ও সংসদ সদস্য, শেরপুর-২, বাংলাদেশ জাতীয় সংসদ এবং উপদেষ্টা, জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি, শেরপুর।
০২। মাননীয় হুইপ ও সংসদ সদস্য, শেরপুর-১ বাংলাদেশ জাতীয় সংসদ এবং উপদেষ্টা, জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি, শেরপুর।
০৩। মাননীয় সংসদ সদস্য, শেরপুর-৩, বাংলাদেশ জাতীয় সংসদ এবং উপদেষ্টা, জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি, শেরপুর।
০৪। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৬। পুলিশ সুপার, শেরপুর।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর সদর/নকলা/নালিতাবাড়ী/ঝিনাইগাতী/শ্রীবরদী, শেরপুর।
০৮। সহকারী কমিশনার (ভূমি), শেরপুর সদর/নকলা/নালিতাবাড়ী/ঝিনাইগাতী/শ্রীবরদী, শেরপুর।
০৯। জেলা.......................................... অফিসার, শেরপুর ও সদস্য, জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি, শেরপুর।

রেভিনিউ ডেপুটি কালেক্টর
শেরপুর
ফোন: ০২৯৯৭৭৮১০০৯

CamScanner